**কবিতা/গল্প প্রকাশ**

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG


"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"

- স্বামী বিবেকানন্দ




ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 2 JULY 2025, WEDNESDAY । ২ জুলাই ২০২৫, বুধবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-320 PAGE । পৃষ্ঠা-4


## চিকিৎসক দিবসে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চালু হল অত্যাধুনিক ডায়ালিসিস ইউনিট



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১ জুলাই: চিকিৎসক দিবসে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চালু হল দশটি মেশিন নিয়ে অত্যাধুনিক ডায়ালিসিস ইউনিট। জানা গেছে এর আগে পাঁচটি মেশিন দিয়ে কিডনি রুগীদের ডায়ালিসিস পরিষেবা দেওয়া হতো। সেই মেশিন গুলির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় খারাপ হয়ে যায় এবং ডায়ালিসিস পরিষেবা বন্ধ হয়ে যায়। বিপাকে পড়েন জেলা ও আশপাশের কিডনি রুগীরা। এই পরিস্থিতিতে আলিপুরদুয়ার জেলা হাসপারাল রুগী কল্যান সমিতির চেয়ারম্যান তথা বিধায়ক সুমন কাঞ্জিলাল রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে আবেদন জানান। মুখ্যমন্ত্রী আলিপুরদুয়ার জেলা হাসপাতালে দশটি মেশিন সহ ডায়ালিসিস ইউনিট স্থাপনের অনুমোদন দেন। তারপর থেকে ডায়ালিসিস ইউনিট স্থাপনের কাজ শুরু হয়। রুগী কল্যান সমিতির চেয়ারম্যান তথা আলিপুরদুয়ার এর বিধায়ক সুমন কাঞ্জিলাল জানান নতুন ডায়ালিসিস ইউনিট নির্মান কাজ শেষ হয়ে যাবার পর মুখ্যমন্ত্রীর অনুমোদনের অপেক্ষায় ছিলো। পয়লা জুলাই চিকিৎসক দিবসে এই ইউনিট চালুর জন্য মুখ্যমন্ত্রী অনুমোদন দেন। সেই অনুসারে ডায়ালিসিস ইউনিট চালু হয় মঙ্গলবার। সুমন কাঞ্জিলাল আরও বলেন নত্যন ডায়ালিসিস ইউনিট চালু হওয়ায় কিডনি রুগীদের সুবিধা হবে।

## শিলিগুড়িতে সোনার দোকানে কুড়ি কোটি টাকার গহনা লুট কান্ডে ভিন রাজ্য থেকে তিন দুষ্কৃতি গ্রেপ্তার



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১ জুলাই: শিলিগুড়ির হিলকার্ট রোডে একটি সোনার দোকানে জুন মাসের বাইশ তারিখ ঘটে ডাকাতির ঘটনা। জানা যায় ডাকাতরা ঐ দোকান থেকে কুড়ি কোটি টাকার গহনা ডাকাতি করে পালিয়ে যায়। তদন্তে নেমে শিলিগুড়ি পুলিশ ডাকাতির পির দিন দুই ডাকাতকে গ্রেপ্তার করে। তারপির আরেক ডাকাতকে বিহার থেকে গ্রেপ্তার করে শিলিগুড়িতে নিয়ে আসা হয়। শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের একটি দল সোমবার উত্তরপ্রদেশ থেকে আরো তিন ডাকাতকে গ্রেপ্তার করে ট্রাঞ্জিট রিমান্ডে শিলিগুড়িতে নিয়ে আসে। জানা গেছে এই দলে এক জন মহিলা আছে। ধৃতদের নাম কমলেশ দেবী, শ্যাম সিং ও সুমিত কুমার। আরও কয়েকজন দুষ্কৃতি পলাতক, তাদের খোঁজে তল্লাশী অভিযান জারী রেখেছে পুলিশ।

## জলপাইগুড়ি জেলা পুলিশের উদ্যোগে সেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচি




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১ জুলাই: জলপাইগুড়ি জেলা পুলিশের উদ্যোগে সেফ ড্রাইভ সেভ লাইফ র‍্যালির মাধ্যমে শুরু হলো পথ নিরাপত্তা সপ্তাহ। মঙ্গলবার আয়োজিত সেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচিতে উপস্থিত ছিলেন জলপাইগুড়ি জেলা শাসক শামা পারভীন, জেলা পুলিশ সুপার খন্ডবাহলে উমেশ গণপত সহ অন্যান্য আধিকারিকগন। এদিন সেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচি অনুসারে আয়োজিত হয় একটি র‍্যালি। বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রী, এন সি সি টিম, পুলিশ কর্মী ও সাধারন মানুষ এই র‍্যালিতে অংশগ্রহণ করেন। র‍্যালি থেকে পথনিরাপত্তা বিষয়ক সচেতনতার বার্তা দেওয়া হয়। জেলা পুলিশ সুপার খন্ডবাহলে উমেশ গণপত জানান সেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচির মাধ্যমে শুরু হলো পথ নিরাপত্তা সপ্তাহ উদযাপন। উদ্দেশ্য ট্রাফিক নিয়ম সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করে পথ দুর্ঘটনা কমানো।

## নাবালিকার যৌন নির্যাতন মেটাতে গ্রাম্য সালিশি, গ্রেফতার বৃদ্ধ



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ১ জুলাই: গ্রাম্য সালিশীতে নাবালিকার যৌন নির্যাতনের ঘটনা মেটানোর চেষ্টা হয়েছিল। কিন্তু শেষ পর্যন্ত ১১২ নম্বরে ফোন করে অভিযোগ নাবালিকার নির্যাতনের। শামুকতলা থানা এলাকার এক বার বছরের নাবালিকাকে যৌন নির্যাতনের অভিযোগে ৬০ বছর বয়স্ক ব্যক্তিকে গ্রেফতার করেছে শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ মঙ্গলবার রাত দশটা নাগাদ। পুলিশের কাছ থেকে জানা গেছে এক নাবালিকাকে যৌন নির্যাতন করা হয়েছে।তাই নিয়ে ১১২ নম্বরে ফোন করে অভিযোগ দায়ের করেছেন এলাকার এক ব্যক্তি। ১১২ নম্বরে অভিযোগের পরিপ্রেক্ষিতে শামুকতলা রোড ফাঁড়ির ওসি দেবাশীষ দেব ঘটনার তদন্ত শুরু করে। নাবালিকার পরিবারকে ফাঁড়িতে ডেকে এনে অভিযোগ দায়ের করানো হয় ওই ব্যক্তির বিরুদ্ধে। পুলিশ তৎক্ষণাৎ অভিযুক্ত কে গ্রেফতার করে। এদিকে সূত্র মারফৎ জানা গেছে প্রায় একমাস আগে ১২ বছরের নাবালিকা স্কুল থেকে ফিরে মাঠে খেলতে যাওয়ার সময় ওই ব্যক্তি তাকে তার বাড়িতে ডেকে নিয়ে গোয়াল ঘরে যৌন নির্যাতন চালায়। এরপর বিষয়টি জানাজানি হয়ে যাওয়ার পর গ্রাম্য সালিশি তে বিষয়টি মেটানোর চেষ্টা করা হয়েছে। যার ফলেই পুলিশের কাছে অভিযোগ দায়ের করতে পারেনি নাবালিকার পরিবার। তবে বেসরকারি সূত্রে জানা গেছে রীতিমতো এলাকার পঞ্চায়েতের উপস্থিতিতে গ্রাম্য সালিশিতে বিষয়টি মীমাংসা হয়ে যায় টাকার বিনিময়ে। এদিকে গ্রাম্য সালিশির কথা জানেন না প্রশাসনিক কর্তারা। রাত সাড়ে দশটা নাগাদ নাবালিকা এবং ৬০ বছরের ব্যক্তিকে আলিপুরদুয়ার হাসপাতালে পাঠানো হয় ডাক্তারি পরীক্ষার জন্য। পুলিশ টেন অফ পক্স মামলা শুরু করেছে জানিয়েছেন শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে।

## জেলার কথা

# আন্তর্জাতিক ডাক্তার দিবস পালন হাওড়ায়



এই যুগ , হাওড়া ,১ জুলাই : আজ ১লা জুলাই ডাক্তার বিধান চন্দ্র রায়ের জন্ম-মৃত্যু দিবস ও আন্তর্জাতিক ডাক্তার দিবস উপলক্ষে স্বরাজ আই ফাউন্ডেশন (এ চ্যরিটেবল হেলথ সেন্টার) ও হাওড়া জেলা যুব ফোরাম এর পক্ষ থেকে ডাক্তার বিধান চন্দ্র রায়ের প্রতিকৃতিতে মাল্য দান ,হাওড়া জেলা যুব ফোরাম ও স্বরাজ আই ফাউন্ডেশনের সমস্ত ডাক্তার ও সেবিকা দের সম্বর্ধনা প্রদান করলেন হাওড়া জেলা যুব ফোরামের সভাপতি মাননীয় শ্রী বিভাস চন্দ্র হাজরা মহাশয় ও সহ সম্পাদিকা মাননীয়া সুদেষ্ণা হাজরা মহাশয়া ও ফোরামের অন্যান্য সদস্য বৃন্দরা।

# পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিশিষ্ট চিকিৎসক ডাঃ বিধানচন্দ্র রায়ের জন্মদিনে কলকাতার বাসভবনে ডাঃ ইন্দ্রনীল খাঁ



এই যুগ , কলকাতা ,১ জুলাই : পশ্চিমবঙ্গের রূপকার তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বিশিষ্ট চিকিৎসক ডাঃ বিধানচন্দ্র রায়ের জন্মদিনে উনার কলকাতার বাসভবনে পৌঁছে উনাকে সশ্রদ্ধ প্রণাম জ্ঞাপন করলেন বিজেপি যুব মোর্চার রাজ্য সভাপতি তথা বিশিষ্ট চিকিৎসক ডাঃ ইন্দ্রনীল খাঁ।

## কাগজের নৌকা

২ জুলাই ২০২৫ , বুধবার

# সুখ-দুঃখ

আশীষ কুমার কুন্ডু
(ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ)

জীবনটা এক যেন মরু-তীর্থ ,
গুল্ম সমতুল্য ,
সুখের সিঁড়ি বড় পিঁছোল ,
মধুর সুখ থাকে বহু যোজন দূরে ,
হড়কে পড়ার বড় ভয় ,
সব যেন শূন্যতায় মিলিয়ে যায় ,
দৈন্য-তায় সবকিছু যেন পথ হারায়।
মনের ক্ষুধা বাড়ায় পাগলামি ,
বেঁচে আছি শুধু ,
বুকের ভেতর কষ্ট নিয়ে ,
বহাল তবিয়তে ,শুধুই হৃদয় জুড়ে ,
কষ্টগুলো আগলে রেখে ,
ফিরেই আছে শুধু পাল তুলে ,
জরাজীর্ণ তীরে বইছে যেন বিষন্নতা ,
তাড়া করছে ক্ষনিকের আসভাসন ,
ক্ষণস্থায়ী জীবনে সুখ এসে কড়া নাড়ে ,
আঁধার নামবে অমাবস্যার রাতে ,
সমাজের চোখে হয়তো ,
জীবিত হয়েই যাবে ,
পুড়ে ছাই হয়ে ফিরবে তবুও ,
জীবন্ত এক কামনার অপলক চিত্তে ,
সব যেন রয়ে যাবে এই ভিটেতেই।।

# পথ নিরাপত্তা সপ্তাহ পালন স্কুল পড়ুয়াদের নিয়ে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ জুলাই : শামুকতলা ট্রাফিক পুলিশের পক্ষ থেকে স্কুলের শিশুদের নিয়ে পথ নিরাপত্তা সপ্তাহ পালন করা হলো একটি স্কুলে এমনটাই জানা গেছে মঙ্গলবার বেলা দুটো নাগাদ। পয়লা জুলাই থেকে ৮ তারিখ পর্যন্ত থানা এলাকার বিভিন্ন প্রান্তে নিরাপত্তা সপ্তাহ নিয়ে প্রচার চলবে। এদিন শামুকতলা শক্তিনগর প্রাঙ্গনে রাস্তার পাশ থাকা একটি স্কুলে ছোট ছোট শিশুদের নিয়ে অনুষ্ঠান করলেন ট্রাফিক ওসি অশ্বিনী কুমার বর্মন। স্কুলে আসার সময় কিংবা যাবার সময় অচেনা ব্যক্তিরা তাদের চকলেট সহ নানারকম লোভনীয় জিনিস দেখিয়ে তাদের তুলে নিয়ে যেতে পারে। পরিবারের মা-বাবা কিংবা আত্মীয়-স্বজন ছাড়া অন্যের সঙ্গে স্কুল থেকে না বের হওয়ার পরামর্শ দেওয়া হয়েছে ছোট ছোট শিশুদের। এছাড়াও অভিভাবকদের সচেতন করা হয়েছে শিশুদের সঠিকভাবে নিয়ে আসা এবং যাওয়ার জন্য। শিক্ষিকারাও এই অনুষ্ঠান উপস্থিত ছিলেন। ঘন্টা দেড়েক ধরে এই অনুষ্ঠান হয়েছে। শতাধিক শিশুসহ অনেক অভিভাবিকা উপস্থিত ছিলেন এই অনুষ্ঠানে।


RNI : WBBEN/2020/81746

# ট্রেনে কেটে মৃত এক ব্যক্তি ,ঘটনায় চাঞ্চল্য



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ জুলাই : দক্ষিণ মজিদখানা এলাকায় ট্রেন লাইনের ১৫৪ নম্বর পিলারের পাশে ট্রেনে কেটে মৃত্যু হয়েছে একজনের। মৃতদেহ মঙ্গলবার রাত সাড়ে সাতটা নাগাদ জিআরপি কর্মীরা রেললাইনের পাশ থেকে উদ্ধার করে নিয়ে যায়। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে মঙ্গলবার বিকেল পৌনে ছয়টা নাগাদ এলাকার বাসিন্দারা ট্রেন লাইনের পাশে একটি ক্ষতবিক্ষত মৃতদেহ দেখতে পান। এরপরই স্টেশন মাস্টারকে বিষয়টি জানানো হয়। মুহূর্তের মধ্যে জিআরপি কর্মীরা ওই স্থানে চলে আসে। যদিও প্রাথমিক অবস্থায় তারা ভেবেছিলেন ট্রেন লাইনের উপর মৃতদেহ তাই তৎক্ষণাৎ তারা রেল লাইনে রেলের যাতায়াত কিছুক্ষণের জন্য বন্ধ রাখার সিদ্ধান্ত নেন। কিন্তু ট্রেন লাইনের পাশে মৃতদেহ পড়ে থাকায় যথারীতি ট্রেন চলে। প্রাথমিক ভাবে মনে করা হচ্ছে কোন মানসিক ভারসাম্যহীন ব্যক্তি রেললাইন দিয়ে যাওয়ার সময় এই ঘটনা ঘটেছে। মৃতদেহ ক্ষতবিক্ষত হয়ে গেছে কিন্তু তার গায়ের জামা প্যান্ট খুবই নোংরা ছিল। ৫০ মিটারের মধ্যেই তার হাত-পা হাতের আঙ্গুল মগজ পেটের বিভিন্ন অংশ ছড়িয়ে ছিটিয়ে পড়ে ছিল।

# এশিয়ান হাইওয়েতে পথ দুর্ঘটনা




মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,১ জুলাই : জয়গাঁ গামী এশিয়ান হাইওয়েতে পথ দুর্ঘটনা জখম চারজন। এদিন হাসিমারা গামী একটি ইলেকট্রিক অটো হাসিমারা দশ নং এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের ধারে উলটে যায় এই ঘটনায় অটোতে থাকা তিনজন যাত্রী ও চালক জখম হয়। ঘটনাস্থলে হাসিমারা ফাঁড়ির পুলিশ পৌছে আহতদের উদ্ধার করে লতাবাড়ি হাসপাতালে নিয়ে যায় চিকিৎসা জন্য।

# সেতু তৈরীর দাবিতে জেলাশাসকের কার্যালয়ে কালচিনির বিধায়ক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ জুলাই : আলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের আছাপাড়া এলাকায় ঝোরার উপর সেতু তৈরীর দাবিতে মঙ্গলবার গ্রামবাসীদের নিয়ে জেলাশাসক কার্যালয়ে আসলেন কালচিনির বিধায়ক বিশাল লামা। এদিন প্রায় ৫০ জনের অধিক গ্রামবাসীদের নিয়ে ডুয়ার্সকন্যায় জেলাশাসকের অফিসের সামনে আসার পর সেখানে বসার জায়গা কম থাকায় বিধায়ক গ্রামবাসীদের নিয়ে জেলাশাসকের কার্যালয়ের সামনে মেঝেতে বসে পড়েন। জেলাশাসক সভায় ব্যাস্ত থাকায় অতিরিক্ত জেলাশাসক তাদের সাথে দেখা করে এবং তাদের সমস্যার কথা শোনেন।এই বিষয়ে উল্লেখ্য সম্প্রতি আছাপাড়া ঝোরায় পড়ে গিয়ে মৃত্যু হয় এক বাসিন্দার। পরবর্তীতে গ্রামবাসী সেতু তৈরির দাবিতে বিডিওর দ্বারস্থ হয়। আজ বিধায়ক ও গ্রামবাসী জেলাশাসক দ্বারস্থ হয়। কালচিনির বিধায়ক বিশাল লামা জানান অতিরিক্ত জেলাশাসক আশ্বাস দিয়েছে বিষয়টা গুরুত্ব সহকারে দেখা হচ্ছে।

# পথ নিরাপত্তা সপ্তাহ উপলক্ষে বারবিশায় পুলিশের মেলা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ জুলাই : মঙ্গলবার আলিপুরদুয়ার জেলা পুলিশের উদ্যোগে পথ নিরাপত্তা সপ্তাহ উপলক্ষে কুমারগ্রাম ব্লকের বারবিশায় সচেতনতামূলক কর্মসূচি করা হল। এদিন বারবিশা চৌপথীতে সচেতনতামূলক অনুষ্ঠান হয়। এরপর এলাকায় সাইকেল , টোটো ও বাইক নিয়ে র‍্যালি করা হয়েছে। ওই কর্মসূচিতে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ারের ডিএসপি (ট্রাফিক) শান্তনু তরফদার , কুমারগ্রাম থানার আইসি শমীক চ্যাটার্জি , বারবিশা পুলিশ ফাঁড়ির ওসি সুব্রত সরকার , কামাখ্যাগুড়ি পুলিশ ফাঁড়ির ওসি প্রদীপ মণ্ডল , বারবিশা ট্রাফিক গার্ডের ওসি অনিলকুমার বর্মন সহ অন্যরা। কুমারগ্রাম থানার আইসি শমীক চট্টোপাধ্যায় নিজে সাইকেল নিয়ে র‍্যালিতে অংশগ্রহণ করেন। উল্লেখ্য , ১ জুলাই থেকে ৮ জুলাই বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে পুলিশের তরফে পথ নিরাপত্তা সপ্তাহ পালন করা হবে। এদিন কুমারগ্রাম থানার পক্ষ থেকে বারবিশায় সচেতনতামূলক কর্মসূচি করা হল। এদিনের সচেতনতামূলক কর্মসূচি থেকে সাধারণ মানুষকে ট্রাফিক আইন মেনে চলার বার্তা দেওয়া হয়।


RNI : WBBEN/2020/81746

# পূর্ব শালবাড়ির এক গৃহবধূর মৃত্যুর ঘটনায় গ্রেফতার স্বামী




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ জুলাই : এক গৃহবধূর মৃত্যুর ঘটনায় গৃহবধূর স্বামীকে গ্রেফতার করল বারবিশা ফাঁড়ির পুলিশ। মঙ্গলবার ধৃতকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হলে বিচারক জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন। পুলিশ জানিয়েছে, ধৃতের নাম নিতাই বর্মন। কুমারগ্রাম ব্লকের ভল্কা-বারবিশা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের পূর্ব শালবাড়ি গ্রামে তাঁর বাড়ি। রবিবার আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিতাই বর্মনের স্ত্রী শ্রীমতি বর্মনের মৃত্যু হয়। অভিযোগ , গত শনিবার শারিরীক ও মানসিক নির্যাতন করে স্ত্রীকে বাড়ি থেকে বের করে দেন নিতাই। এরপর কোচবিহার জেলার রামপুরের মধুরভাষা গ্রামে বাপের বাড়িতে চলে যান শ্রীমতি। বাপের বাড়িতে সে অসুস্থ হয়ে পড়লে বাপের বাড়ির লোকজন তাকে রামপুর হাসপাতালে ভর্তি করান। শারিরীক অবস্থা খারাপ থাকায় চিকিৎসকের পরামর্শে সেখান থেকে তাঁকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে ভর্তি করানো হয়। রবিবার জেলা হাসপাতালে শ্রীমতির মৃত্যু হয়। তার বাপের বাড়ির লোকেদের অভিযোগ , স্বামীর নির্যাতন সহ্য করতে না পেরে শ্রীমতি বিষপান করে এবং তার মৃত্যু হয়। এই ঘটনার পর সোমবার বারবিশা পুলিশ ফাঁড়িতে নিতাই বর্মনের নামে লিখিত অভিযোগ দায়ের করেন শ্রীমতির দাদা গোপাল রাজবংশী। লিখিত অভিযোগ পেয়ে সোমবারই পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করে। জানা গিয়েছে, ২০১২ সালে নিতাই বর্মনের সঙ্গে শ্রীমতির বিয়ে হয়েছিল। তাদের দু'টি সন্তান রয়েছে। শ্রীমতির বাপের বাড়ির লোকেদের অভিযোগ , দ্বিতীয় সন্তান হওয়ার পর থেকেই শ্রীমতির উপর শারিরীক ও মানসিক নির্যাতন চালাত নিতাই। বাপের বাড়ি থেকে টাকা আনার জন্য শ্রীমতির উপর চাপ সৃষ্টি করা হতো।

# একগুচ্ছ দাবিতে মিছিল ও ডুয়ার্স কন্যায় ডেপুটেশন বনবস্তি বাসীদের




সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ১ জুলাই : একগুচ্ছ দাবিতে মঙ্গলবার আলিপুরদুয়ার শহরে মিছিল করলো বনবস্তির বাসিন্দারা। এদিন তারা মিছিল করে আলিপুরদুয়ার জেলা প্রশাসনের মুখ্য কার্যালয় ডুয়ার্স কন্যায় যান ও আদিবাসী কল্যান আধিকারিক এবং ভূমি ও ভূমি সংস্কার আধিকারিককে গন ডেপুটেশন দেন। তাদের দাবি গুলি হলো বনবস্তিবাসীদের জমির খতিয়ান প্রদান , একশো দিনের কাজ দ্রুত চালু করা , বনবস্তিগুলিতে নলবাহী বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করা সহ আরও বেশ কিছু দাবি। পাশাপাশি তারা জুলাই মাসের নয় তারিখ দেশব্যাপী যে সাধারন ধর্মঘটের ডাক দেওয়া হয়েছে তাতে সমর্থন জানান। দাবিপত্র গ্রহন করে আসিবাসী কল্যান আধিকারিক ও ভূমি সংস্কার আধিকারিক জানান তারা ডেপুটেশনটি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পাঠিয়ে দেবেন।

# জাতীয় স্তরের চ্যাম্পিয়নশিপে অংশগ্রহনকারী উশু খেলোয়াড়ের বাড়িতে কুমারগ্রামের বিধায়ক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ জুলাই : মঙ্গলবার কুমারগ্রাম ব্লকের ভল্কা-বারোবিশা ২ নম্বর পঞ্চায়েতের মাঝেরডাবরিতে উশু খেলোয়াড় রাকেশ বর্মনের বাড়িতে এলেন কুমারগ্রামের বিধায়ক মনোজকুমার ওরাওঁ। জানা গিয়েছে , উশুতে ৫২ কেজি বিভাগে জেলা ও রাজ্য স্তরে চ্যাম্পিয়ন হয় রাকেশ। দুই স্তরে সফল হওয়ার পর জাতীয় স্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বর্তমানে সে তেলেঙ্গানাতে রয়েছে। রাকেশ মাঝেরডাবরি হাইস্কুলের দশম শ্রেণির ছাত্র। এদিন বিধায়ক মাঝেরডাবরিতে রাকেশের বাড়িতে এসে তার পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। ওই পরিবারকে আর্থিক সহায়তাও করেন তিনি। বিধায়ক মনোজকুমার ওরাওঁ বলেন , 'প্রত্যন্ত গ্রামের ছেলে রাকেশ জাতীয় স্তরের চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করছে। রাকেশ আমাদের এলাকার গর্ব। আগামীদিনে ওর উজ্জ্বল ভবিষ্যত কামনা করছি। ও যেন সফল হয়ে গ্রামে ফিরে আসে , এটা প্রার্থনা করি। আমি রাকেশের পাশে রয়েছি।'




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।